সড়ক পরিবন আইন বাস্তবায়নে বামন্দীতে লিফলেট বিতরণ

সড়ক পরিবহন আইন-২০১৮। ১ নভেম্বর ২০১৯ থেকে কার্যকর শুরু হয়েছে। নতুন এই আইন বাস্তবায়নের লক্ষে সকল ধরনের যানবাহনের মালিক, চালক, সহ জনসাধনের মাঝে লিফলেট বিতরন করা হয়েছে।

গতকাল বুধবার বেলা সাড়ে ১১টার দিকে গাংনী উপজেলার বামন্দী বাসস্ট্যান্ড চত্তরে মেহেরপুর ট্রাফিক পুলিশ বিভাগের পক্ষ থেকে এ লিফলেট বিতরণ ও জনসচেতনা সৃষ্টির করার উদ্দেশ্যে নতুন আইন সর্ম্পকে অবগত করা হয়।

এসয়ম উপস্থিত ছিলেন, মেহেরপুর ট্রাফিক পুলিশের টিআইটু মুজতবা, সার্জেন্ট মোজাফ্ফর, টিএসআই আমিরুল ইসলাম, টিএসআই সুলতান, এটিএসআই জাহাঙ্গীর, এটিএসআই মোস্তাফিজুর ও ট্রাফিক পুলিশ সদস্য মিরুল।

নিজস্ব প্রতিনিধি

গাংনীর আমতৈল মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সাবেক সভাপতি’র বিরুদ্ধে

মেহেরপুরের গাংনী উপজেলার আমতৈল মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সাবেক সভাপতি (অতিরিক্ত সচিব) আমির উদ্দিন আহম্মেদ এর বিরুদ্ধে এলাকাবাসী বিভিন্ন অভিযোগ করেছে।

গতকাল বুধবার সকালে সাংবাদিকদের কাছে এলাকাবাসী ও নবগঠিত কমিটির সদস্যগণ ম্যানেজিং কমিটির সাবেক সভাপতির বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ তুলে ধরে গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করেন।

অভিগোগে বলা হয়েছে সাবেক সভাপতি নিয়ম লঙ্ঘন করে আট বছর একাধারে সভাপতির দায়িত্ব পালন করে গেছেন। তিনি বিদ্যালয়ের সভাপতি থাকার কারণে নিয়ম লঙ্ঘন করে তার পুত্রবধু নাসরিন আক্তার ডলিকে নিয়োগ দেখিয়ে প্রতিমাসে ৬,০০০/= (ছয় হাজার) টাকা হাতিয়ে নিয়েছেন।

বর্তমান কমিটির সভাপতি আব্দুল হান্নান জানান, তিনি দায়িত্ব পাওয়ার পর উক্ত শিক্ষিকার বিদ্যালয়ে কোন অস্তিত্ব না থাকায় তার বেতন ভাতার টাকা দেওয়া বন্ধ করে দিয়েছেন। তিনি আরও জানান, সাবেক কমিটির সভাপতির নিকট বিদ্যালয়ের বিগত দিনের আয়-ব্যয়ের হিসাব চাইলে তিনি বিভিন্নভাবে গড়িমসি করেন।

এমনকি সাবেক সভাপতি তাঁর পদে পুনরায় বহাল থাকার উদ্দেশ্যে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে বিভাগীয় পর্যায় থেকে কারণ দর্শানোর ব্যবস্থাও করা হয়। উপস্থিত এলাকাবাসী আরও অভিযোগ করে বলেন, তিনি সচিব থাকাবস্থায় আমতৈল গ্রামে একটি সরকারী হাসপাতাল নির্মাণ করে দিবেন আমতৈল পালপাড়া গ্রামের মৃত আছের উদ্দিনের ছেলে আযম আলী মোল্লার নিকট থেকে দেড় বিঘা জমি নিজ নামে রেজিষ্ট্রি করে নিয়েছেন এছাড়াও আমতৈল গ্রামে যে রাস্তাটি চলাচলের জন্য ব্যবহার করতেন সে রাস্তাটির আইডি কেটে দিয়ে নিজের বাড়ির সামনে দিয়ে রাস্তাটি নিয়ে গেছেন।

সাবেক সভাপতি প্রতিষ্ঠাতা সদস্য না হয়েও বিদ্যালয়ের সাইন বোর্ডে আমতৈল মাধ্যমিক বিদ্যালয় ছাড়াও অতিরিক্তভাবে তাঁর নিজের নাম ব্যবহার করে বিদ্যালয়ের নামকরণ করেছেন। এতে এলাকাবাসীর মনে ক্ষোভের সৃষ্টি হয়েছে।

এলাকাবাসীর জিজ্ঞাসা সভাপতি পরিবর্তন হলেই কি বার বার বিদ্যালয়ের নাম পরিবর্তন হবে? বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোকাদ্দেস আলী জানান, বর্তমান ম্যানেজিং কমিটির সভাপতি আব্দুর হান্নান তিনি বিদ্যালয়ের শিক্ষার মান উন্নয়নের জন্য খুবই আন্তরিক।

তাছাড়া তিনি দায়িত্ব পাওয়ার পর ৫০ ফুট বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মাণ করেন। তাঁর অক্লান্ত পরিশ্রম ও চেষ্টায় বিদ্যালয়টি চারতল ভবনের বরাদ্দ পেয়েছে যা বর্তমানে চলমান রয়েছে। তিনি সব সময় সরকারী যেকোন দিবস পালন ও প্রোগ্রামে উপস্থিত থাকেন।

এ বিষয়ে জানতে চাওয়ার জন্য সাবেক সচিব আমির উদ্দিন আহম্মেদের মোবাইল ফোনে যোগযোগ করা হলে তিনি অভিযোগ অস্বীকার করে বলেন বর্তমান যে কমিটি তা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল

বাশারের যোগসাজশে অনিয়ম তান্ত্রীকভাবে পকেট কমিটি গঠন করা হয়েছে।

এবিষয়ে তিনি যশোর বোর্ডে লিখিতভাবে অভিযোগ করেছেন বলেও জানান।

গাংনী প্রতিনিধি

গাংনীতে পরিবহন সংকটে যাত্রী ও শিক্ষার্থীদের দুর্ভোগ

মেহেরপুর কুষ্টিয়া সড়কে পরিবহন সংকটের কারণে যাত্রী ও শিক্ষার্থীরা দুর্ভোগে পড়েছে।
কুষ্টিয়া বাস মালিক সমিতির অনিয়মের কারণে পরিবহন সংকটে পড়েছে। অভিযোগ সূত্রে জানা গেছে এর আগে ১০মিনিট পর পর বাস চলাচল করতো।

বর্তমানে কুষ্টিয়া মালিক সমিতি ২০মিনিট পর পর সড়কে গাড়ী দেওয়ায় সকাল ৮টা থেকে ১২টা পর্যন্ত বাস স্ট্যান্ডে যাত্রীদের ভিড় জমার ফলে সরকারী কর্মচারী ও শিক্ষার্থীরা দুভোগে পাড়ছে। সঠিক সময়ে স্কুলের ছাত্র ছাত্রীরা ক্লাসে উপস্থিত হতে পারছে না।

এ ব্যাপারে মেহেরপুর বাস মালিক সমিতির সাথে পরিবহন সংকটের বিষয়টি জানতে চাইলে তারা বলেন, আমারা আগের মত ১০ মিনিট পর পর গাড়ী দিয়েছি আমাদের কারণে এই দুভোর্গ হচ্ছেনা। কুষ্টিয়া মালিক সমিতি তাদের গাড়ী কম দেওয়ার করণে ২০মিনিট পর পর গাড়ী আসায় শিক্ষার্থী ও যাত্রীদের দর্ভোগে পড়ছে।

তারা আরও বলেন, আমরা কুষ্টিয়া বাস মালিক সমিতিকে বিষয়টি জানানোর পরেও তারা কোন ব্যবস্থা গ্রহন করেনি।

এ অনিয়মের বিষযটি দ্রæত সমাধানের জন্য প্রসাশনের দৃষ্টি কমনা করেন শিক্ষার্থীরা।

গাংনী প্রতিনিধি

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় নিহত ১, আহত ২

মেহেরপুর শহরের পন্ডের ঘাট এলাকায় মোটরসাইকেল ও ট্রাক্টরের মুখোমুখি সংঘর্ষে মোস্তাক হোসেন ২০ নামের এক যুবক নিহত হয়েছে। নিহত মোস্তাক সদর উপজেলার চকশ্যামনগর গ্রামের ছমিরুল ইসলাম এর ছেলে। পেশায় রাজমিস্ত্রি ছিল মোস্তাক । আজ রাত সাড়ে আটটার দিকে এ দুর্ঘটনা ঘটে।
এ সময় আরো দুজন আহত হয়। আহতরা হলেন, সদর উপজেলার আমদহ গ্রামের আজাদ আলী ৪৫ ও জাহিদ হোসেন ৪০। এদের মধ্যে আজাদ আলীর অবস্থা আশংকাজনক হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেছে চিকিৎসকরা।
মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান জানান, রাত সাড়ে আটটার দিকে মেহেরপুর শহরের পন্ডের ঘাট এলাকায় মুজিবনগর সড়কে দুটি মোটরসাইকেল ও ট্রাক্টর এর সাথে মুখোমুখি সংঘর্ষ হলে ঘটনাস্থলে দুই মোটরসাইকেলের ৩ আরোহী গুরুতর আহত হয়। এসময় স্থানীয়রা তাদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে। আহতদের মধ্যে মোস্তাক এর অবস্থা সংকটপূর্ণ হওয়ায় তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফাড করে ইমার্জেন্সি মেডিকেল অফিসার। রাজশাহী যাওয়ার পথে মোস্তাক এর মৃত্যু হয়। বাকি আহত ২জন মেহেরপুর ও কুষ্টিয়া হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। ওসি আরো জানান, ঘটনার পর থেকে ঘাতক ট্রাক চালক পলাতক রয়েছে। নিহতের পরিবার থেকে থানায় অভিযোগ দিলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

নিজস্ব প্রতিনিধি

গাংনী ইউএনও’র বিরুদ্ধে উদ্ধত্যপূর্ণ আচরণের প্রতিবাদ

মেহেরপুরের গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমানের উদ্ধত্যপূর্ণ আচরণের প্রতিবাদে সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

গতকার মঙ্গলবার দুপুরে পিআইও অফিসের কনফারেন্স রুমে উপজেলার ৮টি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের উপস্থিতি ও স্বাক্ষরিত একটি লিখিত সংবাদ সম্মেলনের বক্তব্য পাঠ করে শোনান বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি শহিদুল ইসলাম বিশ্বাস।

লিখিত বক্তব্যে তিনি বলেন বর্তমান গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান গত ০৪/০৮/১৯ ইং তারিখে যোগদানের পর থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন মাধ্যমে চেয়ারম্যান বৃন্দকে দূর্ণীতিবাজ এবং উপজেলার কর্মরত অফিসার ও কর্মচারীদের সাথে উদ্ধত্যপূর্ণ ও অশোভন আচরণ করে আসছে।

যা সকলের মাঝে ক্ষোভের সৃষ্টি হয়েছে বলে তিনি দাবি করেন। এমনকি তিনি মাসিক সভায় গাংনী থানার অফিসার ইনচার্জকে প্রশ্ন করেন আপনি এ মাসিক সভায় কেন? এতে তিনি সবার সামনে বিব্রত বোধ করেন। এতে করে আইন শৃংঙ্খলা বাহিনীর সাথে সম্পর্কের অবনতি ঘটে বলেও সংবাদ সম্মেলনের লিখিত বক্তব্যে দাবি করেন। যার ফলে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা কর্তৃক ঘোষিত উন্নয়নের গণতন্ত্র ও সমৃদ্ধির অগ্রযাত্রায় বাধা সৃষ্টি হচ্ছে।

এমনি উদ্ভুত পরিস্থিতিতে সকল চেয়ারম্যানবৃন্দ অদ্য হতে সিদ্ধান্ত গ্রহণ করেন যে, উপজেলা নির্বাহী অফিসার জনাবা দিলারা রহমান অত্র কার্যালয়ে কর্মরত থাকাবস্থায় উপজেলা পরিষদের সকল কর্মকান্ড হতে বিরত থাকবে। এ সময় উপস্থিৎ জনপ্রতিনিধি গণ উদ্ধত্যপূর্ণ আচরণের প্রতিবাদ ও নিন্দা জানান।

সংবাদ সম্মেলনের বিষয়ে জানতে চাইলে উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান জানান, আমি কোন অনিয়ম করিনা এবং কোন অনিয়ম সহ্য করা হবে না। তবে চেয়ারম্যানবৃন্দ আমাকে একটি ফাইলে স্বাক্ষর করার জন্য অনুরোধ করলে আমি নীতিমালা অনুযায়ী ফাইলটি স্বাক্ষর করবো না বললে চেয়ারম্যানবৃন্দ হয়তো আমার প্রতি খুশি হতে পারেননি। তবে আমি কারো সাথে কখনও আমার কর্মজীবনে কারোর সাথে দূর্ব্যবহার ও

অসদাচরণ করেছি বলে মনে পড়েনা।

গাংনী প্রতিনিধি

মেহেরপুর জেনারেল হাসাপতালে ভুল চিকিৎসায় রোগী মৃত্যুর ঘটনায় তদন্ত বোর্ড গঠন

মেহেরপুর জেনারেল হাসপাতালে ভুল চিকিৎসায় রোগী মৃত্যুর ঘটনায় ৪ সদস্য বিশিষ্ট তদন্ত বোর্ড গঠন করা হয়েছে।

তদন্ত বোর্ডে সভাপতি করা হয়েছে সিনিয়র কনসালটেন্ট ডা. আশীষ কুমার দেবনাথ, সদস্য জুনিয়ল কনসালটেন্ট তাপস কুমার সরকার, জুনিয়ল কনসালটেন্ট ডা. অঞ্জন কুমার দাস, সদস্য সচিব আবাসিক মেডিল অফিসার ডা. এসএম এহসানুল কবীর আল-আজীজ।

গত ৩-১১-২০১৯ তারিখে বোর্ডের কাছে তদন্তভার দিয়েছেন হাসপাতালের তত্বাবধায়ক তাহাজ্জেল হোসেন। এবং আগমী পাঁচ দিনের মধ্যে তদন্ত রিপোর্ট জমা দেওয়ার জন্য বোর্ডকে নির্দেশ দেওয়া হয়েছে।

উল্লেখ্য, গত ০২ নভেম্বর মেহেরপুর জেনারেল হাসপাতালে শহরের স্টেডিয়াম পাড়ার রফিকুল ইসলাম ঝন্টু নামের এক রোগীর মৃত্যু হয়। পরিবারের লোকজনের অভিযোগ ভুল চিকিৎসায় তার মৃত্যু হয়েছে। এই অভিযোগের প্রেক্ষিতে এই তদন্ত বোর্ড গঠন করা হয়েছে বলে জানিয়েছেন তত্বাবধায়ক তাহাজ্জেল হোসেন।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর জেনারেল হাসপাতালে শ্রমিক ইউনিয়নের ৮ দফা দাবিতে স্বারকলিপি প্রদান

মেহেরপুর জেনারেল হাসপাতালে ৮ দফা দাবিতে স্বারকলিপি প্রদান করেছে জেলা মটর শ্রমিক ইউনিয়ন।

গতকাল মঙ্গলবার দুপুরে হাসপাতালের তত্বাবধায়ক তাহাজ্জেল হোসেন’র কাছে এ স্বারকলিপি প্রদান করা হয়েছে।

দাবিগুলোর মধ্যে রয়েছে হাপাতালকে দালাল মুক্ত করতে হবে, বিনা কারনে পরীক্ষা নিরীক্ষা দিয়ে রোগীদের সাথে অর্থ বানিজ্য বন্ধ করতে হবে, অর্থপেটিক্স, এনেসথেসিয়া, কার্ডিওলোজি ডাক্তারদের সপ্তাহে ৭দিনিই চিকিৎসা সেবা দেওয়া নিশ্চিত করতে হবে সহ বিভিন্ন সমস্যার কথা উল্লেখ আছে স্বারকলিপিতে।

এ সময় তাহাজ্জেল হোসেন বলেন, আপনাদের সমস্যা গুলো আমাদের জন্যও খুব কষ্টদায়ক। হাসপাতালের নিয়ম অনুযায়ি এসব সমস্যা সমাধানের চেষ্টা করবো। এ ছাড়াও তিনি বলেন, হাসপাতালকে সুন্দর রাখার দায়িত্ব আমাদের সকলের আপনারা সহোযোগীতা করলে সব সমস্যা সমাধান হয়ে যাবে।

এসময় উপস্থিত ছিলেন, জেলা মটর শ্রমিক ইউনিয়নের কার্যকরি সভাপতি সোহেল আহম্মেদ, সাধারণ সম্পাদক মতিয়ার রহমান সহ শ্রমিক ইউনিয়নের বেশ কয়েকজন সদস্য।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে শাহীর উপর

হামলাকারীদের গ্রেফতারের দাবিতে মানববন্ধন

মেহেরপুর শহরের মল্লিকপাড়ার আনোয়ার শাহী নামের এক যুবককে কুপিয়ে জখম করা হামলাকারীদের গ্রেফতারের দাবিতে মানববন্ধন করেছে এলাকাবাসী।

গতকার মঙ্গলবার সকালে মেহেরপুর বাসস্ট্যান্ড এলাকায় এ মানববন্ধনে নেতৃত্ব দেন শাহির ছোট ভাই মনিরুল ইসলাম মনি। মানববন্ধনে হামলাকারীদের গ্রেফতারের দাবিতে বিভিন্ন শ্লোগান সম্বলিত ফেস্টুন নিয়ে মানববন্ধনে অংশ নেয় এলাকাবাসী।

মানববন্ধনে বক্তরা অতিদ্রæত সন্ত্রাসী হৃদয় ও তার সহযোগীদের গ্রেফতার করে তাদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন। এ ঘটনায় একজনকে আটক করা হলেও মূল আসামি হৃদয় গ্রেফতার না হওয়ায় এলাকাবাসির মাঝে ক্ষোভ বিরাজ করছে।

উল্লেখ্য গত বুধবার (৩০ অক্টোবর) রাত সাড়ে আটটার দিকে মাইক্রোস্ট্যান্ড এলাকার চার রাস্তার মোড়ে শহরের নতুন পাড়ার হৃদয় ও আলা মদ্যপ অবস্থায় শাহীকে অকথ্য ভাষায় গালাগালি করতে থাকে।

গালাগালি করতে নিষেধ করলে শাহী ও হৃদয়ের মাঝে কথাকাটাকাটি হয়। এসয়ম স্থানীয়রা তাদের দুজনকে সরিয়ে দেয়। কিছুক্ষণ পরে হৃদয় ও আলাসহ ৮-১০ জন এসে শাহীকে দা দিয়ে কুপিয়ে মারাত্মক জখম করে।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর রাজনগর ফুটবল একাদশ ৩

গোলে জয়ী

মেহেরপুর সদর উপজেলা রাজনগর গ্রামে সুখরঞ্জন ও বকুল রানী সরকার স্মৃতি ফুটবল টুর্নামেন্টে রাজনগর পাবলিক ক্লাব ফুটবল একাদশ ৩ গোলে জয়ী হয়েছে।

গতকার মঙ্গলবার বিকালে রাজনগর স্কুল মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়। ৮০ মিনিটের খেলায় টান টান উত্তেজনায় রাজনগর পাবলিক ক্লাব ফুটবল একাদশ ৩-০ গোল করে সিংহাটি ফুটবল একাদশ দলকে পরাজিত করে। খেলা শেষে ম্যান অব দা ম্যাচ ও সেরা গোলদাতা সহ তিন জনকে প্রাইজবন্ড দিয়ে পুরস্কৃত করা হয়।

খেলাটি পরিচালনা করেন জহির উদ্দিন, ইমাদুল ইসলাম, হাসিবুল ইসলাম। খেলাটির সার্বিক সহযোগীতায় ছিলেন সুধাংশু মোহন সরকার। এসময় খেলা পরিচালনা কমিটির সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, কালু সহ খেলা দেখতে আসা হাজার হাজার দর্শক খেলাটি উপভোগ করেন।

নিজস্ব প্রতিনিধি

অনূর্ধ্ব ১৮ ক্রিকেটে মেহেরপুর জেলা ক্রিকেট দল ৯ উইকেটে জয়ী

বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) কর্তৃক আয়োজিত ২০১৯/২০ ক্রিকেট মৌসুমে বয়স ভিত্তিক অনূর্ধ্ব ১৮ ক্রিকেটে মেহেরপুর জেলা ক্রিকেট দল মাগুরা জেলা ক্রিকেট দলকে পরাজিত করেছে।

গতকাল মঙ্গলবার সকালে কুষ্টিয়া স্টেডিয়াম ভেন্যূতে এ খেলা অনষ্ঠিত হয়। খেলার প্রথমে ব্যাটিং এ মাগুরা জেলা ক্রিকেট দল ৪৮ ওভার ৫ বল খেলে ১২৭ রানে অলআউট হয়ে যায়। জবাবে মেহেরপুর জেলা ক্রিকেট দল ব্যাটিং এ নেমে ৩৩ ওভার ৫ বলে এক উইকেট হারিয়ে ১৩১ রান করে ৯ উইকেট জয়লাভ করে।

খেলায় নাঈম ইসলাম ৫৩ রান এবং মাসুম মিয়া ৬৭ রান ২ উইকেট পায়।